# সরকার নির্বাচনের পথে নয়, দলগুলোকে কেবল আশার কথা শুনাচ্ছে: রাশেদ খাঁন




সংগৃহীত ছবি

গণঅধিকার পরিষদের সাধারণ সম্পাদক রাশেদ খাঁন অভিযোগ করেছেন, বর্তমান সরকার নির্বাচন আয়োজনের পরিবর্তে রাজনৈতিক দলগুলোকে আশ্বাসের কথায় ব্যস্ত।

শনিবার (৮ নভেম্বর) ঝিনাইদহের কালীগঞ্জে 'রাষ্ট্র সংস্কার ও আসন্ন জাতীয় সংসদ নির্বাচন' বিষয়ক এক আলোচনায় তিনি বলেন, "সরকার মুখে নির্বাচনের কথা বলছে, কিন্তু বাস্তবে কোনো কার্যকর প্রস্তুতি নিচ্ছে না। তাদের আচরণে মনে হচ্ছে, নির্বাচন নয়, অন্য কোনো পরিকল্পনা বাস্তবায়নের দিকেই তারা এগোচ্ছে।"

রাশেদ খাঁন আরও বলেন, বর্তমান প্রশাসনের অধীনে সুষ্ঠু ও নিরপেক্ষ নির্বাচন সম্ভব নয়। তিনি দাবি করেন, ভোটের আগে যে ধরনের কার্যক্রম ও সংস্কার প্রয়োজন, সেগুলোর কোনো বাস্তবায়ন এখনো দেখা যায়নি।

LENS ASIA